

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৬৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫৯. ইসতিস্কার সালাতে কখন চাদর উল্টিয়ে পরিধান করবে?

باب فِي أَيِّ وَقْتٍ يُحَوِّلُ رِدَاءَهُ إِذَا اسْتَسْقَى

#### আরবী

حَدَّثَنَا النُّفَيْلِيُّ، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، نَحْوَهُ قَالَا حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا هِشَامُ بْنُ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللهِ بْنِ كِنَانَةَ، قَالَ أَخْبَرَنِي أَبِي قَالَ، أَرْسَلَنِي الْوَلِيدُ بْنُ عُتْبَة \_ قَالَ عُثْمَانُ ابْنُ عُقْبَةَ وَكَانَ أَمِيرَ الْمَدِينَةِ \_ إِلَى ابْنِ عَبَّاسٍ أَسْأَلُهُ عَنْ صَلَاةِ، رَسُولِ اللهِ عُثْمَانُ ابْنُ عُقْبَةَ وَكَانَ أَمِيرَ الْمَدِينَةِ \_ إِلَى ابْنِ عَبَّاسٍ أَسْأَلُهُ عَنْ صَلَاةٍ، رَسُولِ اللهِ صلى الله عليه وسلم مُتَبَذّلاً صلى الله عليه وسلم مُتَبَذّلاً مُتُواضِعًا مُتَضَرِّعًا حَتَّى أَتَى الْمُصَلَّى \_ زَادَ عُثْمَانُ فَرَقِيَ عَلَى الْمِنْبِرِ ثُمَّ اتَّفَقَا \_ وَلَمْ مُتَبِذِلاً يَخْطُب خُطُب خُطَبكُمْ هَذِهِ وَلَكِنْ لَمْ يَزَلْ فِي الدُّعَاءِ وَالتَّضَرُّعِ وَالتَّكْبِيرِ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ كَمَا يُصَلِّى فِي الْعِيدِ . قَالَ أَبُو دَاؤَدَ وَالإِخْبَارُ لِلنُّفَيْلِيِّ وَالصَّوَابُ ابْنُ عُتْبَةَ .

\_ حسن

#### বাংলা

১১৬৭। হিশাম ইবনু ইসহাক ইবনু 'আবদুল্লাহ ইবনু কিনানাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমার পিতা আমাকে বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম-এর ইসতিসকার সালাত সম্পর্কে জিজ্ঞেস করতে আল-ওয়ালীদ ইবনু 'উতবাহ আমাকে ইবনু 'আব্বাসের (রাঃ) নিকট পাঠালেন। 'উসমান ইবনু 'উকবাহ বলেন, ওয়ালীদ ইবনু 'উতবাহ তখন মদীনার গভর্ণর ছিলেন। ইবনু আব্বাস (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম পুরাতন বেশভূষায় ভয় ও বিনয়ী অবস্থায় বের হয়ে ঈদাগাহে গেলেন। অতঃপর তিনি মিম্বারে উঠেন এবং প্রচলিত নিয়মে খুত্ববাহ না দিয়ে তিনি সারাক্ষণ কাকুতি-মিনতি, দু'আ ও তাকবীর পাঠেরত ছিলেন। অতঃপর তিনি ঈদের সালাতের মত দু' রাক'আত সালাত আদায় করেন।[1]

হাসান।



## **English**

### Narrated Abdullah ibn Abbas:

Ishaq ibn Abdullah ibn Kinanah reported: Al-Walid ibn Utbah or (according to the version of Uthman) al-Walid ibn Uqbah, the then governor of Medina, sent me to Ibn Abbas to ask him about the prayer for rain offered by the Messenger of Allah (). He said: The Messenger of Allah () went out wearing old clothes in a humble and lowly manner until he reached the place of prayer. He then ascended the pulpit, but he did not deliver the sermon as you deliver (usually). He remained engaged in making supplication, showing humbleness (to Allah) and uttering the takbir (Allah is most great). He then offered two rak'ahs of prayer as done on the 'Id (festival).

Abu Dawud said: This is the version of al-Nufail. What is correct is Ibn Utbah's

# ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : ইসতিসকা) মালিক হতে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন